

ত্রিভুবনের প্রিয় মোহাম্মদ  
কাজী নজরুল ইসলাম

ত্রিভুবনের প্রিয় মোহাম্মদ এল রে দুনিয়ায় ।  
আয় রে সাগর আকাশ বাতাস, দেখবি যদি আয় ॥

ধুলির ধরা বেহেশতে আজ  
জয় করিল, দিল রে লাজ,  
আজকে খুশীর ঢল নেমেছে ধূসর সাহারায় ॥

দেখ আমিনা মায়ের কোলে  
দোলে শিশু ইসলাম দোলে,  
কচি মুখে শাহাদাতের বাণী সে শোনায় ॥

আজকে যত পাপী তাপী  
সব গুনাহের পেল মাফী,  
দুনিয়া হতে বে - ইনসাফী জুলুম নিল বিদায় ॥

নিখিল দুর্বল পড়ে লয়ে ও - নাম  
সম্মানাহু আলাইহি ওয়াসাম্মাম ,  
জীন্ পরী ফেরেশতা সালাম জানায় নবীর পায় ॥